

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কটিয়াদী, কিশোরগঞ্জ।

স্মারক নং: ০৫.৪১.৪৮৪৫.০০০.০০.০০০.২২-৫২৭(৫০)

তারিখ: ২২ আষাঢ় ১৪৩০
০৬ জুলাই, ২০২৩

নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গ্রামপুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ ও সংশোধিত ২০১৭ অনুযায়ী কটিয়াদী উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদসমূহের পার্শ্ববর্তিত ওয়ার্ডে মহল্লাদারের শূন্যপদে নিয়োগের নিমিত্ত সংশ্লিষ্ট ইউনিয়ন ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নোক্তশর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শূন্য পদের বিবরণ:

ক্রমিক নং	ইউনিয়নের নাম	পদেরনাম	শিক্ষাগত যোগ্যতা	ওয়ার্ড নং	পদের সংখ্যা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
০১.	৪ নং চান্দপুর	মহল্লাদার	অষ্টম শ্রেণি	০৭	০১	সরাসরি নিয়োগ করা হবে
০২.	৬ নং আচমিতা	মহল্লাদার	-এ-	০৮	০১	

আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, বয়স/জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর, জাতীয়তা, ধর্ম, মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখপূর্বক আবেদন করতে হবে। উক্ত আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ও ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঞ্জিন ছবি সংযুক্ত করে দাখিল করতে হবে। মহল্লাদার পদে নিয়োগে আগ্রহী প্রার্থীদের আগামী ২০ জুলাই ২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন করতে বলা হলো। উল্লেখ্য যে, কোন কারণ দর্শানো ব্যতিরেকে উক্ত নিয়োগ কার্যক্রম বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

*** শর্তাবলীঃ**

- ১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ২। প্রার্থীকে এ উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ৩। প্রার্থীর বয়স (আগামী ২০ জুলাই ২০২৩ তারিখে) ১৮ থেকে ৩০ বৎসরের মধ্যে হতে হবে।

(পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে)

- ৪। প্রার্থীর সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি হতে হবে।
- ৫। প্রার্থীর বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক) ও ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) হতে হবে।
- ৬। প্রার্থীর সর্বনিম্ন ওজন ৫০ কেজি হতে হবে।

(মহিলা প্রার্থীদের ক্ষেত্রে)

- ৭। প্রার্থীর সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট হতে হবে।
- ৮। প্রার্থীর বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক) ও ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) হতে হবে।
- ৯। প্রার্থীর সর্বনিম্ন ওজন ৪৫ কেজি হতে হবে।



খানজাদা শাহরিয়ার বিন মান্নান
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

গ্রামপুলিশ নিয়োগ ও পদোন্নতি কমিটি
কটিয়াদী, কিশোরগঞ্জ।

স্মারক নং: ০৫.৪১.৪৮৪৫.০০০.০০.০০০.২২-৫২৭(৫০)

তারিখ: ২২ আষাঢ় ১৪৩০
০৭ জুলাই ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:-

১। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।

২। উপ পরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ।

৪। উপজেলা-----অফিসার, কটিয়াদী, কিশোরগঞ্জ।

৫। চেয়ারম্যান,.....ইউপি (সকল), কটিয়াদী, কিশোরগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের তথ্য
বাতায়নে আপলোড ও মাইকিংসহ বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৬। নোটিশ বোর্ড।

৭। অফিস কপি।

খানজাদা শাহরিয়ার বিন মামান
উপজেলা নির্বাহী অফিসার
কটিয়াদী, কিশোরগঞ্জ।